**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**জয়দেবপুর, গাজীপুর**

স্মারক নং-বি-১৬৪/২০১৭/প্রশাসন/অংশ-১/৫৬৯১ তারিখ: ২৯-১১-২০১৭ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ রাজস্বখাতভুক্ত/অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম. নং | পদের নাম ও বেতনস্কেল/২০১৫ | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ফোরম্যান<br>টা: ১৬০০০-৩৮৬৪০/- | ০১ (এক) | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে যন্ত্র কৌশল বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। | |
| ২. | বৈজ্ঞানিক সহকারী<br>টা: ১২৫০০-৩০২৩০ | ০৫ (পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে কৃষিতে অন্যূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। | ক্রমিক নং- ২ হতে ৭ এ বর্ণিত পদের ক্ষেত্রে **গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, বি-বাড়িয়া, চাঁদপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, পঞ্চগড়, ঝিনাইদহ, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী** জেলা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিম এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | ল্যাবরেটরী এসিসটেন্ট<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। | |
| ৪. | কোল্ডস্টোরেজ টেকনিশিয়ান<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩(তিন) বৎসরের বাস্তবকর্ম অভিজ্ঞতা। | |
| ৫. | পরিসংখ্যান সহকারী<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক)<br>(সৃজনকৃত) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় গণিত ও পরিসংখ্যান বিষয়সহ অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |
| ৬. | ডাটা এন্ট্রি অপারেটর<br>টা: ৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন)<br>(সৃজনকৃত) | (ক) এইচএসসি বা সমমান পাশ (বিজ্ঞান বিভাগের প্রার্থীরা অগ্রাধিকার যোগ্য)<br>(খ) অপারেটরর্স এ্যাপ্টিটিউড টেস্ট এ অবশ্যই উর্ত্তীণ হতে হবে। | |
| ৭. | গাড়ীচালক<br>টা:৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ হালকা বা ভারী ড্রাইভিং লাইসেন্সধারী এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তবকর্ম অভিজ্ঞতা। | |
| ৮. | সহকারী আর্টিস্ট<br>৮৮০০-২০২৯০/- | ০১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ফাইন আর্টস এ অন্যূন ৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। | ক্রমিক নং- ৮ হতে ১৩ এ বর্ণিত পদের ক্ষেত্রে **গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী,ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চাঁদপুর, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, পঞ্চগড়, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী** জেলা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিম এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৯. | পাওয়ার পাম্প অপারেটর<br>৮৮০০-২০২৯০/- | ০৫ (পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৬(ছয়) মাস মেয়াদী ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। | |
| ১০. | ট্রাক্টরমেট<br>৮২৫০-২০০১০/- | ০১ (এক) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |
| ১১. | রুম এটেনডেন্ট<br>৮২৫০-২০০১০/- | ০৩ (তিন) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২. | নিরাপত্তা প্রহরী<br>৮২৫০-২০০১০/- | ১১<br>(এগার) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |
| ১৩. | পরিচ্ছন্নতা কর্মী<br>৮২৫০-২০০১০/- | ০২ (দুই) | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, পেশাদার সুইপার সম্প্রদায়ের প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। | |

২। আবেদনকারীর বয়স ৩১-১০-২০১৭ খ্রি. তারিখে বর্ণিত পদের ক্ষেত্রে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। এ্যাপিয়ার্ড প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ www.bari.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সময়সীমার মধ্যে Online-এ পূরণকৃত Application ফরমের একসেট এবং (ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা সংক্রান্ত ও অন্যান্য সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ২(দুই) কপি রঙ্গিন ছবি (ঘ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হবে। সকল সনদপত্রের ফটোকপি, ছবি ও অন্যান্য কাগজপত্র (যদি থাকে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে।

৬। সরকারি নিয়োগ বিধি অনুসারে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা কোটাভুক্ত আবেদনকারীকে নিম্নেবর্ণিত ছক পূরণ পূর্বক এতদ্‌সংক্রান্ত প্রামাণিক দলিলাদির কপি ৫নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

**ছক**

| মুক্তি যোদ্ধার নাম | পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তি বার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতামাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমানক | মন্তব্য/ ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | | | | | | | |

৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র ৫নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রের সাথে দাখিল করতে হবে। নির্ধারিত সময়সীমার পর এতদ্‌সংক্রান্ত সনদপত্র দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ www.bari.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সময়সীমার মধ্যে ৫নং ক্রমিকে বর্ণিত কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে তাদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র পেশ করতে হবে।

১০। পদের সংখ্যা নির্ধারণ (হ্রাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য www.bari.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

১২। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://bari.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩-১২-২০১৭ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪-১২-২০১৭ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk মোবাইলে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুন:পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিন্মোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং-২ থেকে ১৩নং পদের জন্য ১০০/- (একশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য ''Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।''

প্রথমঃ SMS: BARI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BARI ABCDEF

Reply: Apllicant's Name, Tk-........ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BARI<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয়ঃ SMS: BARI<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BARI YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARI Application for xxxxxxxxxxxxxxxxx user ID is (ABCDEF) and password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bari.teletalk.com.bd এবং www.bari.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি এবং Applicant's copy লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BARI<space>Help<space>User<space>User ID & Send to 16222.
*Example: BARI HELP USER ABCDEF*

ii. PIN Number জানা থাকলে BARI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
*Example: BARI HELP PIN 12345678*

উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।